দামুড়হুদায় কঠোর লকডাউনের প্রথম দিনে প্রশাসন ছিল ব্যাপক তৎপর

দামুড়হুদা উপজেলা ৭ দিনের কঠোর লকডাউনের প্রথম দিনে প্রশাসন ছিল ব্যাপক তৎপর। অভিযানে বিধি-নিষেধ ভঙ্গের দায়ে কিছু মানুষকে জরিমানা সহ সকাল থেকে গভীর রাত পর্যন্ত প্রশাসন ছিলো কঠোর ভূমিকায়।

বৃহস্পতিবার ১ জুলাই ভোর ৬টা থেকে শুরু হয়ে ৭ জুলাই পর্যন্ত কঠোর লকডাউনের ১ম দিন কঠোর ভাবেই পালিত হয়েছে। সরকারী নির্দেশ বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা প্রশাসনকে সহযোগিতা করার জন্য পুলিশ, বিজিবি, আনসার সহ সশস্ত্র বাহিনীর সদস্যগণ টহলে ছিলেন বলে জানাগেছে। এদিকে দামুড়হুদা-হাউলী-দর্শনা সহ সমস্ত উপজেলার চিত্র অত্যন্ত সন্তোষজনক ছিলো বলে জানান দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

তিনি বেশ কিছু এলাকায় মানুষকে আইনের বিধি-নিষেধ ভঙ্গের কারণে জরিমানাও করেন। গতকালের লকডাউন বাস্তবায়নে ও বিভিন্ন অপরাধ ও অনিয়ম তদারকি ও ভ্রাম্যমাণ পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান সহ দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনা (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সবুজ কুমার বসাক এবং সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বিএম তারিক-উজ-জ্জামান।

তারা বেশ কিছু এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এ সময় আরো উপস্থিত ছিলেন বিজিবি ও পুলিশের কর্মকর্তাগন। তারা সকলকে সরকারী নির্দেশ মেনে চলার জন্য অনুরোধ করেন।

দামুড়হুদায় বিনামূল্যে কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ

দামুড়হুদায় উপজেলা ২০২০-২০২১ অর্থবছরে প্রণোদনা কর্মসুচির আওতায় খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে উফসি ও হাইব্রীড জাতের বীজ ও সার বিতরনের উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলা কৃষি অফিস চত্বরে উপজেলা পরিষদ ও কৃষি সম্প্রসারন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই বীজ ও সার বিতরনের উদ্বোধন করেন।

দামুড়হুদায় বিনামূল্যে কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণের প্রধান অতিথী বলেন, কৃষিবান্ধব সরকার কৃষকদের দুর্দশার কথা ভেবে করোনাকালীন সময়ে কৃষি প্রণোদনা বিতরনের নির্দেশনা দিয়েছে। সেই নির্দেশনা মোতাবেক এই উপকরন বিতরন শুরু করা হলো।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান বলেন,এই অর্থবছরে উপজেলার ৭০০ চাষির মধ্যে এই প্রণোদনা দেওয়া হবে। এরমধ্যে ৪০০জন উফসি জাতের ২কেজি বীজ,২০কেজি ডিএপি ও ১০ কেজি করে এমওপি সার পাবে।

এছাড়াও ৩০০জনকে হাইব্রীড জাতের ২ কেজি বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার পাবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, প্রমুখ।

জীবননগরে দৈনিক যায়যায় দিন পত্রিকার ১৬তম বর্ষ উদযাপন

স্বাস্থ্যবিধি মেনে কেককাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে জীবননগরে দৈনিক যায়যায় দিন পত্রিকার ১৬তম বর্ষ উদযাপন করা হয়েছে।

বুধবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা পরিষদের হলরুমে দৈনিক যায়যায় দিন পত্রিকার জীবননগর প্রতিনিধি জি এ জাহিদুল ইসলাম বাবুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে দৈনিক যায়যায় দিন পত্রিকার ১৬তম বর্ষ উদযাপনের কেক কাটেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম,জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল,জীবননগর সাংবাদিক সমিতির সাধারন সম্পাদক জামাল হোসেন খোকন,মাইটিভির প্রতিনিধি মিঠুন মাহমুদ,মাজেদুল মিল্টন,আবু সাঈদ,শাকিল হোসেন প্রমুখ।

জীবননগরে ২শ‘জন অসহায় পেল প্রধানমন্ত্রীর ত্রান উপহার

মহামারী করোনা ভাইরাসের প্রার্দভাব বেড়ে যাওয়ায় জীবননগরে চলছে কঠোর লকডাউন এই লকডাউনে কর্মহীন হয়ে পড়া জীবননগর পৌর সভার ২শজন অসহায় ভ্যান চালক ও মুদি দোকানদারের মাঝে প্রধান মন্ত্রীর ত্রান উপহার বিতরন করা হয়েছে।

বুধবার সকাল সকাল ১০টার সময় জীবননগর পৌর সভার আয়োজনে পৌর সভার কার্যলয়ে স্বাস্থ্যবিধি মেনে জীবননগর পৌর সভার ৯টি ওর্য়াডের ২শজন অসহায় হতদরিদ্র ভ্যান চালক ও মুদি দোকানদারের মাঝে ১০ কেজি চাউল,১কেজি ডাউল,১কেজি চিনি,২কেজি আলু,১কেজি পেয়াজ,১টা সাবান,১কেজি লবন ১লিটার সয়াবিন তেলসহ এ ত্রান উপহার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম ,পৌর সচিব জায়েদ হোসেন,পৌর কাউন্সিলার জয়নাল আবেদীন,আবুল কাশেম,জামাল হোসেন খোকন,সহ পৌর সভার ৯টি ওর্য়াডের

কাউন্সিলারগন উপস্থিত ছিলেন।

জীবননগরে লকডাউন অমান্য করায় ৮জনকে জরিমানা

চুয়াডাঙ্গা জীবননগরে মহামারী করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় জীবননগরে চলছে ৭ম দিনের মত লকডাউন । লকডাউন অমান্য করে দোকানপাট খোলা এবং চলাচল করার অপরাধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ৮জনকে ১১হাজার টাকা জরিমানা প্রদান করেন ভ্রাম্যমান আদালত।

সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম মুনিম লিংকন এ ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালন করেন।

এ সময় লকডাউন অমান্য করে জীবননগর শহরের মোল্লা মার্কেটে দোকানপাট খোলা এবং মোটরসাইকেলের কাগজপত্র না থাকায় ৮জনকে ১১হাজার টাকা জরিমানা প্রদান করেন ।এ সময় উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম ।

চুয়াডাঙ্গার বিলপাড়ায় ছাগলে ক্ষেত খাওয়াকে কেন্দ্র করে বাড়িতে হামলা, থানায় অভিযোগ

চুয়াডাঙ্গার বেগমমপুর বিলপাড়ায় পেয়ারা বাগানে ছাগল যাওয়াকে কেন্দ্র করে বাড়িতে হামলা চালিয়ে মহিলাসহ ৩ জনকে পিটিয়ে জখম করেছে পেয়ারা বাগানের মালিক ফারুক হোসেন। এদের মধ্যে একজনের

অবস্থা আশঙ্কাজনক।

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের বেগমপুর বিলপাড়ার আনু মিয়ার ছেলে ফারুক হোসেনের পেয়ারাবাগানে মঙ্গলবার বিকাল ৫টার দিকে দিলু ইসলামের ছাগল যায়। এ ঘটনায় ফারুক হোসেন ক্ষিপ্ত হয়ে দলবল নিয়ে দিলুর বাড়িতে হামলা চালায়।

এসময় বাড়িতে থাকা দিলুর স্ত্রী সাজেদা খাতুন (৩৫), মেয়ে শুকতারা খাতুন (১৬) ও ছেলে সজিবকে (১২) লাঠিসোটা দিয়ে বেধড়ক পিটিয়ে গুরুত্বর আহত করে। তাদের চিৎকারে প্রতিবেশিরা ছুটে এলে পালিয়ে যায় ফারুক ও তার সাঙ্গপাঙ্গরা।

আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য নেয়া হয় বিভিন্ন ক্লিনিকে। আহতদের মধ্যে শুকতার অবস্থা আশঙ্কাজনক।

এ ঘটনায় দিলু ইসলাম বাদি হয়ে দর্শনা থানায় ৪ জনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছে। এদিকে ফারুক হোসেন তার বিরুদ্ধে ওঠা অভিযোগ মিথ্যা বলে দাবি করেছেন।

ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযান! জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে পাঁচটার সময় এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার মোঃ তারিক হোসেন মোঃ জাকির হোসেন ও মোঃ ফিরোজ হোসেন।

এসময় সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ সকলকে সচেতনতা মূলক বক্তব্য প্রদান করেন ও বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির না হবার এবং সরকারের সকল প্রকার বিধি নিষেধ মেনে চলার জন্য আহ্বান জানান। এসময় মাক্স না পরা স্বাস্থ্যবিধি না মানা এবং বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির হবার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারায়

আট জনকে সর্বমোট বারো হাজার পাচঁশত টাকা অর্থদন্ড প্রদান করে এবং তিন জনকে বিভিন্ন মেয়াদে সাজা দেয়া হয়।

মোবাইল কোর্ট পরিচালনা সার্বিকভাবে সহযোগিতা করে বাংলাদেশ আনসার ভিডিপি একটি চৌকস দল। জনস্বার্থে এই অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ।

চুয়াডাঙ্গায় বিপুল পরিমাণের নিষিদ্ধ ট্যাবলেটসহ আটক -১।

চুয়াডাঙ্গায় নিষিদ্ধ টাপেন্টাডল ট্যাবলেটসহ ফার্মেসী মালিক তানজিল আহম্মেদকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। মঙ্গলবার বিকেলে চুয়াডাঙ্গা সমবায় নিউ মার্কেটের মুক্তি ঔষধ ঘর নামক ফার্মেসীতে অভিযান চালিয়ে ৪৪৩ পিচ টাপেন্টাডল ট্যাবলেটসহ তাকে আটক করা হয়।

আটককৃত তানজিল আহম্মেদ (৪৫) চুয়াডাঙ্গা সদর উপজেলার জাফরপুর গ্রামের আলী আহম্মেদ সন্টুর ছেলে। আটককৃত তানজিল আহম্মেদকে ভ্রাম্যমাণ আদালতে ১৮ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানাসহ জেল হাজতে পাঠানো হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা গোপণ সংবাদের ভিত্তিতে জানতে পারে চুয়াডাঙ্গা সমবায় নিউ মার্কেটের মুক্তি ঔষধ ঘরে দীর্ঘদিন ধরে নিষিদ্ধ টাপেন্টাডল ট্যাবলেট বিক্রি করে আসছেন। আজ মঙ্গলবার বেলা ৪টার দিকে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদ ও সাহারা ইয়াসমিন সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। এসময় মুক্তি ঔষধ ঘর থেকে উদ্ধার করা হয় ৪৪৩ পিচ টাপেন্টাডল ট্যাবলেট।

পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাকে ১৮ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা করেন। সাজাপ্রাপ্ত তানজিল আহম্মেদকে জেল হাজতে পাঠানো হয়েছে।

জীবননগরে কৃষকদের মাঝে বিনামুল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ

জীবননগরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামুল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে ।গতকাল মঙ্গলবার সকাল ১০টার সময় ২০২১-২০২২ অর্থ বছরে খরিফ-২ মৌসুমে রোপা আমন ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রনোদনা কর্মসূচির আওতায় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা চত্তরে এ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর উপজেলার ৭শ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামুল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার ,সহকারী কৃষি কর্মকর্তা আরিফ হাসান,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু প্রমুখ।

দামুড়হুদায় গাঁজা গাছসহ একজন আটক! ভ্রাম্যমাণ আদালতে ১ বছরের কারাদণ্ড

দামুড়হুদা উপজেলা থেকে গাঁজা গাছসহ সাধু মালিথা নামের একজনকে আটক করা হয়েছে। সোমবার দুপুরে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা দামুড়হুদা উপজেলার জয়রামপুর কলোনিপাড়ায় অভিযান চালিয়ে গাঁজা গাছসহ তাকে আটক করে।

আটককৃত সাধু মালিথা (২৮) ওই এলাকার নিজাম মালিথার ছেলে। আটককৃতকে ভ্রাম্যমাণ আদালতে কারাদণ্ড প্রদান করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, সোমবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের সাধু মালিথা তার পটল ক্ষেতে গাঁজা গাছের আবাদ করেছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়তউল্লা, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। এসময় ওই পটল ক্ষেত থেকে ৩ টি গাঁজা উদ্ধার করা হয়।

পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সাধু মালিথাকে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ২শ’ টাকা জরিমানা করেন। সাজাপ্রাপ্তকে জেলা কারাগারে পাঠানো হয়েছে।